

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
আন্তর্জাতিক সংস্থাসমূহ শাখা
ঢাকা

স্মারক নং: ১৯.০০.০০০০.২২৫.৩১.১৩০.২২/৫৮

৩১ জানুয়ারি ২০২৩

প্রেরকঃ জনাব মোঃ জিয়াউর রহমান
সিনিয়র সহকারী সচিব (আন্তর্জাতিক সংস্থাসমূহ)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ মিঃ ওয়াহিদা আহমেদ
মহাপরিচালক (আন্তর্জাতিক সংস্থাসমূহ)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ০৫-০৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে সৌদি আরবের জেদ্দাস্থ ওআইসি সচিবালয়ে অনুষ্ঠিতব্য ওআইসি-এর Senior Officials Meeting (SOM)-এ বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য মিঃ ওয়াহিদা আহমেদ, মহাপরিচালক (আন্তর্জাতিক সংস্থাসমূহ) পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে সরকারি অনুমোদন।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ০৫-০৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে সৌদি আরবের জেদ্দাস্থ ওআইসি সচিবালয়ে অনুষ্ঠিতব্য ওআইসি-এর Senior Officials Meeting (SOM)-এ বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য মিঃ ওয়াহিদা আহমেদ, মহাপরিচালক (আন্তর্জাতিক সংস্থাসমূহ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে সরকারি অনুমোদন জ্ঞাপন করছে।

০২। উল্লিখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ

- ক) উপর্যুক্ত সভায় যোগদানের জন্য আপনি আগামী ০৪ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে সৌদি আরবের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং সভা সমাপনান্তে আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে সৌদি আরব ত্যাগ করবেন;
খ) সফরকালীন সময়ে আপনি সরকারি কাজে কর্তব্যরত আছেন বলে গণ্য হবে;
গ) সভায় যোগদানকালীন আপনি বেতন-ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
ঘ) উক্ত সভায় অংশগ্রহণ সংশ্লিষ্ট ব্যয় বিধি অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের বাজেট বরাদ্দের ১১৮০১০১১০৪১২৫-৩২৪৪১০১ খাত ও উপখাত হতে নির্বাহ করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(মোঃ জিয়াউর রহমান)
সিনিয়র সহকারী সচিব (আন্তর্জাতিক সংস্থাসমূহ)
ফোনঃ ০২৪৭১১৯৪৩৭
ইমেইলঃ io2@mofa.gov.bd

স্মারক নং: ১৯.০০.০০০০.২২৫.৩১.১৩০.২২/৫৭

৩১ জানুয়ারি ২০২৩

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ০১। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
০২। মহাপরিচালক (আন্তর্জাতিক সংস্থাসমূহ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৪। সহকারী সচিব (সংস্থাপন-১/আইসিটি/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
০৬। অফিস নথি।



(মোঃ জিয়াউর রহমান)
সিনিয়র সহকারী সচিব (আন্তর্জাতিক সংস্থাসমূহ)